# 2019

# BENGALI

## (Modern Indian Language)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

***All* questions are compulsory.**

*Marks are indicated against each question.*

## UNIT – I (Prose)

'ক' গুচ্ছ ঃ (গদ্যাংশ)

১, ২ ও ৩ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।

১। 'বিড়াল' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্গত ? ১

(ক) বিবিধ প্রবন্ধ

(খ) কমলাকান্তের দপ্তর

(গ) বিষবৃক্ষ

২। 'উভয়েই এম. এ. পাশ — নরেশ কেমেস্ট্রিতে এবং পরেশ' ১

(ক) সংস্কৃতে

(খ) বাংলায়

(গ) দর্শন শাস্ত্রে

৩। 'কৈশোরকাল অর্থাৎ Adolescence শব্দটি এসেছে Adolesure শব্দ থেকে। Adolesure শব্দটি ১

(ক) গ্রিক

(খ) ফরাসি

(গ) ল্যাটিন

৪। 'এত বড় সর্বগুণান্বিত পিতার এতবড় সর্বদোষাশ্রিত পুত্র যে কি করিয়া জন্মগ্রহণ করিল লোকে ভাবিয়া পাইত না।'— গুরুচরণের 'সর্বদোষাশ্রিত' পুত্রটির নাম কী? ১

৫। Scientific mentality—এই বহুপ্রচলিত ইংরেজি সংজ্ঞাকে বাংলায় কী বলা যেতে পারে? ১

৬। শিশু প্রথমত কোথা থেকে জীবনের প্রয়োজনীয় মূল্যবোধ আহরণ করে? ১

৭। রুশোর মতে কত বছর বয়স থেকে কৈশোরকালের সূচনা হয়? ১

৮। "থাম! থাম! মার্জার পণ্ডিত। তোমার কথাগুলি ভারি সোশিয়ালিষ্টিক।"—'সোশিয়ালিষ্টিক' শব্দের অর্থ কী? ২

৯। 'হরি তার বাপ বটে, কিন্তু সে আমারই ছেলে, সমস্ত পৃথিবী যদি একদিকে যায়, তবু সে আমারই।' —কার উক্তি? হরি কে? ২

১০। Begging the questions কাকে বলে উদাহরণ সহ লেখ। ২

১১। 'ধনীর দোষেই দরিদ্র চোর হয়'—তাৎপর্য ব্যাখ্যা কর। ৩

১২। 'কিন্তু এক বৃন্তে দুইটি ফুল—এ উপমা ইহাদের সম্বন্ধে খাটে না।'—কাদের সম্পর্কে কেন এই উপমা খাটে না? ৩

১৩। শিক্ষার্থীদের মনে মূল্যবোধ গড়ে তোলার জন্য কী কী আদর্শ স্থির করা প্রয়োজন? ৩

১৪। কৈশোরকালে উপযুক্ত শিক্ষা দেবার জন্য ১৯৫২-৫৩ সালে মাধ্যমিক শিক্ষাব্যবস্থায় তিনটি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল। — কোন তিনটি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছিল? ৩

১৫। বিজ্ঞাপন কেমন পরোক্ষভাবে মানুষের বিচার শক্তি নষ্ট করে 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধ অবলম্বনে এ সম্পর্কে আলোচনা কর। ৫

## UNIT – II (Poetry)

### 'খ' গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৬ ও ১৭ নম্বর প্রশ্নের প্রত্যেকটির তিনটি করে উত্তর দেওয়া আছে। প্রতিটি প্রশ্নের শুদ্ধ উত্তরটি লিখ।

১৬। 'দুর্ভাগা দেশ' কবিতাটি— ১

(ক) 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের অন্তর্গত

(খ) 'বলাকা' কাব্যগ্রন্থের অন্তর্গত

(গ) 'সোনার তরী' কাব্যগ্রন্থের অন্তর্গত

১৭। 'তারি পদরজের লাগি লুটায় বৃন্দাবন'—পদরজ শব্দের অর্থ— ১

(ক) পায়ের অলঙ্কার

(খ) পাদুকা

(গ) পদধুলি

১৮। শূন্যস্থান পূর্ণ কর ঃ ১

'এইখানে বসি গাহিলেন তিনি _______ সাম-গান।'

১৯। 'ফণীমনসার ঝোপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে'— 'ফণীমনসা' কী? ১

২০। 'এই গাঁয়ের এক চাষার ছেলে, লম্বা মাথার চুল,'— ছেলেটির নাম কী? ১

২১। 'নেমেছে ধুলার তলে হীন পতিতের ভগবান।' — টীকা লেখ ঃ 'হীনপতিতের ভগবান।' ২

২২। 'এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।'—'এইখানে' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

২৩। 'শ্যামার নরম গান শুনেছিল'— শ্যামা কী? শ্যামার গানকে 'নরম' বলা হয়েছে কেন? ২

২৪। 'পশ্চাতে রেখেছে যারে সে তোমারে পশ্চাতে টানিছে'— মর্মার্থ বিশ্লেষণ কর। ৩

২৫। 'কোরাণ-পুরাণ-বেদ-বেদান্ত-বাইবেল-ত্রিপিটক'— টীকা লেখ ঃ বাইবেল। ৩

২৬। 'জনম কালো, মরণ কালো, কালো ভুবনময়'— ব্যাখ্যা কর। ৩

২৭। 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতার অনুসরণে বাংলার প্রাকৃতিক সৌন্দর্য বর্ণনা কর। ৫

## UNIT – III (Reading)

### 'গ' গুচ্ছ ঃ (পঠন)

২৮। নিম্নোক্ত রচনাংশটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির উত্তর লেখ ঃ

মহাপ্রভুর আবির্ভাবের পূর্বে বৈষ্ণব পদাবলী রচিত হয়েছিল। কিন্তু সেখানে কোনো আধ্যাত্মিক আদর্শ ছিল না। চৈতন্যজীবনের আলোকপাতে পদাবলী সাহিত্য আধ্যাত্মিক স্তরে উন্নীত হল। রাধা ও কৃষ্ণ জীবাত্মা পরমাত্মার প্রতীকে পরিণত হলেন। চৈতন্য প্রবর্তিত বৈষ্ণবধর্মের মূল কথা রাগানুগা ভক্তি অর্থাৎ ভক্ত ভগবানের সঙ্গে মধুর প্রেমের সম্পর্ক। তাই চৈতন্যের ধর্ম প্রেম ও ভক্তির বিশিষ্ট দর্শন। চৈতন্য পরবর্তী পদাপলী সাহিত্যে মানবরস ও ভক্তিভাবুকতার যুক্তবেণী রচিত হয়েছে।

প্রায় তিন শতাব্দীকাল জুড়ে বৈষ্ণব সাহিত্যের পরিপুষ্টি ও পরিণতি ঘটেছে। শ্রীচৈতন্যের প্রভাবে পদাবলী সাহিত্যে একটি নূতন ধারার সংযোজন হয়। তার নাম গৌরচন্দ্রিকা। শ্রীচৈতন্যের জীবনলীলা বিষয়ক সব কবিতাই গৌরচন্দ্র বিষয়ক। কিন্তু সেই সব কবিতার মধ্যে 'গৌরচন্দ্রিকা' নামক কবিতাগুলির প্রকৃতি স্বতন্ত্র। রাধাকৃষ্ণ বিষয়ক পালাকীর্তনের পূর্বে রাধা ও কৃষ্ণভাবের পরিপূরক যে সব গৌরাঙ্গ বিষয়ক পদ গীত হয় সেগুলিই গৌরচন্দ্রিকা।

চৈতন্যদেবের প্রভাবে বাংলার সাহিত্যে প্রথম জীবনী সাহিত্যের সূত্রপাত ঘটে। মহাপ্রভুর সমগ্র জীবনকে কেন্দ্র করে চৈতন্য সমকালীন ও চৈতন্য উত্তরকালের কবিরা সাহিত্য সাধনায় ব্রতী হন। মুরারী গুপ্তের কড়চা, স্বরূপ দামোদরের কড়চা, বৃন্দাবনদাসের চৈতন্য ভাগবত, জয়ানন্দ ও লোচন দাসের চৈতন্য মঙ্গল এবং কৃষ্ণদাস কবিরাজের চৈতন্যচরিতামৃত উৎকৃষ্ট চৈতন্যজীবনী কাব্য। এইসব গ্রন্থে কিছু কিছু অলৌকিকতার সংমিশ্রণ ঘটলেও শ্রীচৈতন্যের জীবন ও ধর্মাদর্শ এবং সমকালীন রাষ্ট্রিক ও সামাজিক জীবনের পরিচয় পাওয়া যায়।

(ক) শ্রীচৈতন্যের আবির্ভাবের পরবর্তী পদাবলীতে রাধা ও কৃষ্ণ কী কী প্রতীকে পরিণত হয়েছেন? ১

(খ) শ্রীচৈতন্য প্রবর্তিত বৈষ্ণব ধর্মের মূল কথা কী? ১

(গ) শ্রীচৈতন্যের প্রভাবে পদাবলী সাহিত্যে যে নূতন ধারা সংযোজিত হয় — তার নাম কী ? ১

(ঘ) কোন কোন কাব্য উৎকৃষ্ট চৈতন্যজীবনী কাব্য বলে স্বীকৃত? ২

(ঙ) চৈতন্যজীবনী কাব্যগুলিতে কোন কোন দিকের পরিচয় পাওয়া যায়? ২

২৯। নিম্নোক্ত রচনাংশটি পড়ে টীকা রচনা কর ঃ ৩

যে নক্ষত্র থেকে এই পৃথিবীর জন্ম, যার জ্যোতি–এর প্রাণকে পালন করছে, সে হচ্ছে সূর্য। এই সূর্য আমাদের চারদিকে আলোর পর্দা টাঙিয়ে দিয়েছে। পৃথিবীকে ছাড়িয়ে জগতে আর যে কিছু আছে তা দেখতে দিচ্ছে না। কিন্তু দিন শেষে সূর্য অস্ত গেলে আলোর ঢাকনা সরে যায়। তখন অন্ধকার আকাশে ফুটে উঠে অসংখ্য নক্ষত্র। বুঝতে পারি জগৎটার সীমানা পৃথিবী ছাড়িয়ে অনেক দূরে চলে গেছে। কিন্তু কতটা যে দূরে তা অনুভূতিতেও ধরতে পারি না।

## UNIT – IV (Writing)

### 'ঘ' গুচ্ছ ঃ (লিখন)

৩০। নেতাজী বিদ্যাভবনের স্কুল ম্যাগাজিনে প্রকাশের জন্য লেখা আহ্বান করে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি রচনা কর। ২

*অথবা*

বই পড়ার কোন বিকল্প নেই। মানুষকে বই পড়ায় উদ্বুদ্ধ করতে দু'লাইনের একটি বিজ্ঞাপন রচনা কর।

৩১। বিদ্যানিকেতন স্কুলের ছাত্র-ছাত্রীরা স্বচ্ছতা অভিযান করে স্কুলের আশপাশ আবর্জনা মুক্ত করেছে। এই কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ লেখ। ৩

*অথবা*

কৃষ্ণনগর গ্রামের আদর্শ বিদ্যাপীঠ স্কুল ও ইণ্ডিয়া ক্লাবের মধ্যে একটি প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। নিম্নোক্ত তথ্য অনুযায়ী এই খেলার একটি প্রতিবেদন রচনা কর।

খেলা শুরু হয় বিকেল সাড়ে তিনটায়—খেলায় প্রাধান্য ছিল আদর্শ বিদ্যাপীঠের—বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দেবার সময় স্কুলের অধ্যক্ষ খেলাধুলার উপযোগিতা বিষয়ে আলোচনা করেন।

৩২। সংবাদপত্র পাঠের উপযোগিতা বর্ণনা করে তোমার ছোট ভাই আমলের কাছে একটি চিঠি লেখ। (চিঠিতে তোমার নাম লিখবে-ক। ঠিকানা লেখার প্রয়োজন নেই।) ৮

৩৩। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর ঃ ১২

(ক) ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য

(খ) মানবসভ্যতার অগ্রগতিতে বিজ্ঞানের দান

(গ) পরিবেশ দূষণ সভ্যতার বিপর্যয় ডেকে আনছে

(ঘ) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর

## UNIT – V (Functional Grammar)

### 'ঙ' গুচ্ছ ঃ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৪। যে কয়েক পদে সমাস হয় তাদের প্রত্যেককে কী বলে ? ১

৩৫। যে সমাসে পূর্বপদ সংখ্যাবাচক শব্দ — তাকে কী সমাস বলে ? ১

৩৬। যিনি মান্য তিনি গণ্য = গণ্যমান্য।— কোন সমাস ? ১

৩৭। প্রত্যয় কাকে বলে ? ১

৩৮। বাবু + আনি = বাবুয়ানি — কোন্ প্রত্যয় ? ১

৩৯। অশুদ্ধি সংশোধন কর ঃ ১+১+১=৩

কৃষিজীবি, নিমিলিত, বৃহস্পতি ।

৪০। কারক-বিভক্তি নির্ণয় কর ঃ ১+১=২

ভিখারিকে ভিক্ষা দাও।

আজকে আমার যাওয়া হবে না।